“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.৮৭.০০৮.১৫- ২০০

তারিখঃ ০৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দেশের ০৩টি সরকারি মাদ্রাসা যথাক্রমে সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা; সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট; সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া এবং বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের শিক্ষাবর্ষ ২০২১ সালের ছুটির তালিকা TMED কর্তৃক অনুমোদন প্রসংগে।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২২.০০১.১৫.২৯১, তারিখ-১৩/১২/২০২০খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দেশের ০৩টি সরকারি মাদ্রাসা যথাক্রমে সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা; সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট; সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া এবং বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের শিক্ষাবর্ষ ২০২১ শিক্ষাবর্ষের ছুটির তালিকা, শিক্ষাপঞ্জি এবং পরীক্ষার সময়সূচি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্র. ন. | ছুটির উপলক্ষ | তারিখ ও বার | তারিখ, বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ১. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, রবিবার, ২০২১ | ০৮ ফাল্গুন, ১৪২৭ | ০১ দিন |
| ২. | * শব-ই-মিরাজ | ১২ মার্চ, শুক্রবার, ২০২১ | ২৭ ফাল্গুন, ১৪২৭ | ০০ দিন |
| ৩. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ, বুধবার, ২০২১ | ০৩ চৈত্র, ১৪২৭ | ০১ দিন |
| ৪. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, শুক্রবার, ২০২১ | ১২ চৈত্র, ১৪২৭ | ০০ দিন |
| ৫. | * শব-ই-বরাত | ২৯ মার্চ, সোমবার, ২০২১ | ১৫ চৈত্র, ১৪২৭ | ০১ দিন |
| ৬. | বাংলা নববর্ষ *পবিত্র রমাজান, মে দিবস, বুদ্ধ পূর্ণিমা, জুমআতুল-বিদা, লাইলাতুল-ক্বদর ও ঈদ-উল-ফিতর | ১২ এপ্রিল, সোমবার থেকে ২০ মে, বৃহস্পতিবার, ২০২১ | ২৯ চৈত্র ১৪২৭ থেকে ৬ জৈষ্ঠ, ১৪২৮ | ৩৪ দিন |
| ৭. | * পবিত্র ঈদ-উল আযহা ও গ্রীষ্মকালীন অবকাশ | ১৫ জুলাই, বৃহস্পতিবার থেকে ২৯ জুলাই বৃহস্পতিবার, ২০২১ | ৩১ আষাঢ় থেকে ১৪ শ্রাবণ, ১৪২৮ | ১৩ দিন |
| ৮. | * হিজরি নববর্ষ | ১০ আগস্ট, মঙ্গলবার, ২০২১ | ২৬ শ্রাবণ, ১৪২৮ | ০১ দিন |
| ৯. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, রবিবার, ২০২১ | ৩১ শ্রাবণ, ১৪২৮ | ০১ দিন |
| ১০. | * পবিত্র আশুরা | ১৯ ও ২০ আগস্ট, বৃহস্পতিবার ও শুক্রবার ২০২১ | ০৪ ও ০৫ ভাদ্র, ১৪২৮ | ০১ দিন |
| ১১. | শুভ জন্মাষ্টমী | ৩০ আগস্ট, সোমবার, ২০২১ | ১৫ ভাদ্র, ১৪২৮ | ০১দিন |
| ১২. | * আখেরি চাহার সোম্বা | ০৬ অক্টোবর, বুধবার, ২০২১ | ২১ আশ্বিন, ১৪২৮ | ০১ দিন |
| ১৩. | দুর্গাপূজা | ১৫ অক্টোবর, শুক্রবার, ২০২১ | ৩০ আশ্বিন, ১৪২৮ | ০০ দিন |
| ১৪. | * পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবি (সা.) | ১৯ অক্টোবর, মঙ্গলবার, ২০২১ | ০৩ কার্তিক, ১৪২৮ | ০১ দিন |
| ১৫. | * ফাতেহা-ই-ইয়াজ দাহম | ১৭ নভেম্বর, বুধবার, ২০২১ | ০২ অগ্রহায়ণ, ১৪২৮ | ০১ দিন |
| ১৬. | শীতকালীন অবকাশ, মহান বিজয় দিবস ও ঈসা (আ.)এর জন্ম দিবস | ১৪ ডিসেম্বর, মঙ্গলবার হতে ২৮ ডিসেম্বর, মঙ্গলবার, ২০২১ | ২৯ অগ্রহায়ণ থেকে ১৩ পৌষ, ১৪২৮ | ১৩ দিন |
| ১৭ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৫ দিন |
| | | | মোট = | ৭৫ দিন |

*চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।

## পরীক্ষার সময়সূচি-২০২১ খ্রিষ্টাব্দ

| পরীক্ষার নাম | তারিখ ও বার | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক পরীক্ষা | ১৩ জুন, রবিবার থেকে ৩০ জুন, বুধবার | ১৬ দিন | ১১ জুলাই, রবিবার |
| দাখিল নির্বাচনী পরীক্ষা | ০৩ অক্টোবর, রবিবার থেকে ২০ অক্টোবর, বুধবার | ১৬ দিন | ০৬ নভেম্বর, শনিবার |
| বার্ষিক পরীক্ষা | ২৫ নভেম্বর, বৃহস্পতিবার থেকে ১৩ ডিসেম্বর, সোমবার | ১৬ দিন | ৩০ ডিসেম্বর, বৃহস্পতিবার |

অনুসরণীয় নির্দেশনা:

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারী ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত। কোভিড-১৯ এর কারণে পাঠ্যপুস্তক বিতরণ বা অন্য কোন বিষয়ে সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথ কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করবে।

৩. মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৭৫ দিন। গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭৫ দিনের অন্তর্ভুক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবে না, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৯. পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০. প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে।

১১. পবিত্র-ঈদ-ই-মিল্লাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জারিত মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১২. প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে। সেসাথে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০২১ সনের জন্য শিক্ষার উন্নয়নমুলক পরিকল্পনা প্রণয়নক্রমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

23/12/2020

(মোঃ আবদুর রহমান)
উপসচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপিঃ

১. উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, সড়ক নং-০৩ পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশিবাজার, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. অফিস কপি।